

কমিশন কর্তৃক ১৫/০৯/১১ তারিখে অনুমোদিত চূড়ান্ত প্রতিবেদন

ক্রমিক নং	:	০৪
মামলার নম্বর ও তারিখ	:	মতিঝিল(ঢাকা) থানা মামলা নং-৭৫, তাং-২২/০৩/২০০৪ ইং।
তদন্তকারী কর্মকর্তার নাম ও পদবী	:	জনাব এ কে এম বজলুর রশিদ, উপ-সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
অভিযুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম ও পদবী	:	(১) জনাব মোঃ আজহারুল ইসলাম, সাবেক রাজস্ব পরিদর্শক, রাজস্ব জোন-১, বর্তমানে রাজস্ব পরিদর্শক, রাজস্ব জোন-৬, ঢাকা, ওয়াসা, ফকিরাপুল, ঢাকা; (২) জনাব মোঃ সানোয়ার হোসেন, সাবেক সুপার ভাইজার, রাজস্ব জোন-২, বর্তমানে মৃত।
অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	:	ঢাকা ওয়াসার বকেয়া পানির বিলের ৩৪,৬৭৬/১৪ টাকা ব্যাংকে জমা না দেয়া সত্ত্বেও লেজারে ভূয়া জমা দেখিয়ে আত্মসাতের অভিযোগ।
তদন্তের ফলাফল	:	ঢাকা ওয়াসার পানির বিলের মোট ৩৪,৬৭৬/১৪ টাকা লেজারের সংশ্লিষ্ট পাতায় এন্ট্রি দেয়া হয়েছে। লেজারে ভূয়া এন্ট্রির কারণে এ মামলা হয়েছে। বিলগুলো ২১/৬/৯৫, ২৭/১০/৯৫, ১৩/০৪/৯৬ ও ২৩/০২/৯৭ তারিখের উক্ত বিলগুলোর পরিশোধিত কপি এবং উক্ত সময়ের রেজিস্ট্রার ও ব্যাংকের বিল পরিশোধ সংক্রান্ত রিপোর্ট ওয়াসা কর্তৃপক্ষ তদন্তকালে সরবরাহ করতে পারেনি। রেকর্ডপত্র না পাওয়ায় বিল পরিশোধ না করা সত্ত্বেও বিল পরিশোধ দেখানোর বিষয়টি যাচাই করা যায়নি। গ্রাহক কর্তৃক রাজস্ব পরিদর্শককে বিলের অর্থ নগর প্রদানের কোন নিয়ম নেই। আসামী আজহারুল ইসলাম কর্তৃক গ্রাহকদের নিকট হতে নগদ অর্থ গ্রহনের অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হয়নি।
কমিশনের সিদ্ধান্ত	:	চূড়ান্ত প্রতিবেদন দাখিলের অনুমোদন।

ক্রমিক নং	:	০৫
মামলার নম্বর ও তারিখ	:	পাথরঘাটা (বরগুনা) থানা মামলা নং-১৪, তাং-১৫/১১/২০১০ ইং ।
তদন্তকারী কর্মকর্তার নাম ও পদবী	:	জনাব মোঃ লুৎফর রহমান, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, পটুয়াখালী ।
অভিযুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম ও পদবী	:	জনাব এম মতিউর রহমান মোল্লা, চেয়ারম্যান, ৪নং সদর পাথরঘাটা ইউনিয়ন পরিষদ, পাথরঘাটা, বরগুনা ।
অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	:	ভিজিডি কর্মসূচীর ২২০ কেজি চাউল বিতরণ না করে আত্মসাতের অভিযোগ ।
তদন্তের ফলাফল	:	আসামী এম মতিউর রহমান মোল্লা, চেয়ারম্যান, ভিজিডি কার্ডধারীদের মধ্যে বিতরণের উদ্দেশ্যে গৃহীত ১১.৭০০ মে: টন চাউলের মধ্যে ২২০ কেজি চাউল যার সরকারী মূল্য ৬,১৪৪/৬০ টাকা বিতরণ না করে আত্মসাত করেন । পরবর্তীতে তিনি সোনালী ব্যাংক পাথরঘাটা শাখার চালান নং-০২, তাং ২৭/০৩/১১ইং মূলে ২২০ কেজি চাউল এর সরকারী মূল্য ৬,১৪৪/৬০টাকা পরিশোধ করেছেন যা উপজেলা হিসাব রক্ষণ অফিসারের কার্যালয়, পাথরঘাটা, বরগুনা কর্তৃক মার্চ/১১ মাসের মাসিক হিসাবে হিসাবভুক্ত করা হয়েছে মর্মে তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে ।
কমিশনের সিদ্ধান্ত		চূড়ান্ত প্রতিবেদন দাখিলের অনুমোদন ।